গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৯২/২০১৮-২০১৯

ঢাকা, রোববার ৭ এপ্রিল ২০১৯, ২৪ চৈত্র ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট প্রকল্পের কাজ দ্রুত করতে নির্দেশ প্রধানমন্ত্রীর
২। কাতার সরকারকে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান স্পিকারের
৩। খালেদা জিয়ার প্যারোলে মুক্তির আবেদন পায়নি সরকার : জামালপুরে স্বরাষ্ট্রমন্ত্রী
৪। বঙ্গবন্ধু কাপ গলফ দেশে আন্তর্জাতিক গলফার সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে : তথ্যমন্ত্রী
৫। সংবাদ মাধ্যমগুলোকে তাদের ওয়েবসাইট নকলের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে : আইনমন্ত্রী
৬ । বাংলাদেশে অর্থনৈতিক অঞ্চলে মরক্কোর বিনিয়োগ চাইলেন অর্থমন্ত্রী
৭। সড়ক দুর্ঘটনারোধে শর্ট, মিড ও লংটার্ম নীতিমালা গ্রহণ করতে হবে : এলজিআরডিমন্ত্রী
৮। জ্ঞানের যোগাযোগ স্থাপন করতে চাই : শাবিতে উপাচার্য সম্মেলনে শিক্ষামন্ত্রী
৯। ব্যবসাবান্ধব পরিবেশ তৈরিতে কাজ করছে সরকার : জাতীয় শিল্পমেলার সমাপনীতে শিল্পমন্ত্রী
১০। বিশ্ববাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশের অগ্রাধিকার সুবিধা বাস্তবায়ন করুন : জেনেভায় বাণিজ্যমন্ত্রী
১১। ঢাকায় অনুমোদনহীন ঝুঁকিপূর্ণ কোনো ঊর্ধ্বমুখী ভবন রাখা হবে না
পুরান ঢাকার জন্য রি-ডেভেলপমেন্ট পরিকল্পনা নেওয়া হয়েছে : গণপূর্তমন্ত্রী
১২। দুই বছরে ৫৪৭ শিক্ষাপ্রতিষ্ঠানে ওয়াইফাই জোন : তথ্যপ্রযুক্তিমন্ত্রী
১৩। কলকাতা থেকে আসা জাহাজ আর ভি বেঙ্গল গঙ্গার
পর্যটকদের অভ্যর্থনা নৌপরিবহণ প্রতিমন্ত্রীর
১৪। পরিবেশ রক্ষায় পরিবেশ পুলিশের প্রয়োজন আছে : টাঙ্গাইলে আইজিপি
১৫। কৌতুক অভিনেতা টেলি সামাদের ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক
১৬। পবিত্র শবে বরাত আগামী ২১ এপ্রিল
১৭। বিশ্ব স্বাস্থ্য দিবস আজ

চলমান পাতা-২

১। **বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট প্রকল্পের কাজ দ্রুত করতে নির্দেশ প্রধানমন্ত্রীর**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীনির্ভর যে কোনো ধরণে নাটক নির্মাণ, লেখালেখি এবং ক্রীড়ানুষ্ঠান/টুনামেন্ট আয়োজনের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট্রের কোনো প্রকার অনুমোদনের প্রয়োজন নেই। গতকাল (৬ এপ্রিল শনিবার) ধানমণ্ডিস্থ বঙ্গবন্ধু ভবনে ট্রাস্টের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। ট্রাস্টের চেয়ারপারসন বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা সভায় সভাপতিত্ব করেন। সভায় ট্রাস্টের সমাজকল্যাণমূলক কর্মকান্ড পর্যালোচনা ও ট্রাস্টের বিভিন্ন প্রকল্পের কাজ আরো দ্রুততার সঙ্গে এগিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত হয়। এ ব্যাপারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রয়োজনীয় নির্দেশনা দেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.৮)।

২। **কাতার সরকারকে বাংলাদেশে বিনিয়োগের আহ্বান স্পিকারের**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ওষুধ, আইসিটি ও বিদ্যুৎখাতসহ বাংলাদেশে অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের জন্য কাতার সরকারকে আহ্বান জানিয়েছেন। গত ৬ এপ্রিল শুক্রবার কাতারেরর দোহায় শেরাটন কনভেনশন সেন্টারে ১৪০তম আইপিইউ এসেম্বলিতে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে কাতারের শুরা কাউন্সিলের স্পিকার এইচই মি. আহমেদ বিন আবদুল্লাহ বিন জাইদ আল মাহমুদ সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় স্পিকার এ আহ্বান জানান। সাক্ষাৎকালে তাঁরা সংসদীয় গণতন্ত্র, বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং দ্বিপাক্ষিক সম্পর্কোন্নয়ন ও বাণিজ্যের প্রসার নিয়ে আলোচনা করেন। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, বাংলাদেশে এখন বিনিয়োগের সুষ্ঠু পরিবেশ রয়েছে। সরকার সারাদেশে ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল স্থাপন করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন উন্নয়নের বিস্ময়। স্পিকার কাতারে অনুষ্ঠিতব্য ১৪০তম এসেম্বলির সার্বিক সফলতা কামনা করেন। অন্যদিকে ২০২২ সালে কাতারে অনুষ্ঠিতব্য বিশ্বকাপ ফুটবল টুর্নামেন্টের সফলতা কামনাসহ শুরা কাউন্সিলের স্পিকারকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। সূত্র-**সংবাদ**(পৃ.৪,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৩। **খালেদা জিয়ার প্যারোলে মুক্তির আবেদন পায়নি সরকার : জামালপুরে স্বরাষ্ট্রমন্ত্রী**

কারাবন্দি বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার প্যারোলে মুক্তি প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, প্যারোলে যদি কাউকে মুক্তি দিতে হয় তাহলে সুনির্দিষ্ট কারণ দেখিয়ে আবেদন করতে হয়। কিন্তু খালেদা জিয়ার প্যারোলে মুক্তির ব্যাপারে কোনো আবেদন পায়নি সরকার। যদি আবেদন পায় তাহলে বিষয়টি বিবেচনা করবে সরকার। তিনি গতকাল (৬ এপ্রিল শনিবার) জামালপুরের দেওয়ানগঞ্জ উপজেলার চিকাজানী ইউনিয়নের খোলাবাড়িচর এলাকায় নবনির্মিত বাহাদুরাবাদ ঘাট নৌ থানা ভবন উদ্বোধন শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

৪। **বঙ্গবন্ধু কাপ গলফ দেশে আন্তর্জাতিক গলফার সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বঙ্গবন্ধু কাপ গলফ ওপেন ২০১৯ দেশে আরো বেশি আন্তর্জাতিক গলফার সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। গতকাল (৬ এপ্রিল শনিবার) কুর্মিটোলা গলফ ক্লাবে 'বঙ্গবন্ধু কাপ গলফ ওপেন ২০১৯' টুর্নামেন্টের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, এ ধরনের টুর্নামেন্ট বাংলাদেশের জন্য অত্যন্ত গৌরবের। এ ধরনের টুর্নামেন্ট আয়োজনের মাধ্যমে বাংলাদেশ থেকে আরো বেশি আন্তর্জাতিক মানের গলফার বেরিয়ে আসবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৮)।

৫। **সংবাদ মাধ্যমগুলোকে তাদের ওয়েবসাইট নকলের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, সংবাদ মাধ্যমগুলোকে সত্য এড়ানোর প্রবণতা থেকে বেরিয়ে আসতে হবে। কারণ আমাদের মনে রাখতে হবে মানুষের সত্য জানার পথ যেখানে বন্ধ হয়ে যায়, ফেইক নিউজের পথচলা সেখান থেকেই শুরু হয়। তিনি বলেন, সংবাদ মাধ্যমগুলোকে তাদের ওয়েবসাইট নকলের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। গতকাল (৬ এপ্রিল শনিবার), রাজধানীর মালিবাগে বেসরকারি বার্তাসংস্থা ইউএনবি আয়োজিত 'ভুয়া খবর ও ঘৃণামূলক বক্তব্য, কারণ ও পরিণাম, কীভাবে তা আমাদের গণতান্ত্রিক ব্যবস্থাকে ধ্বংস করছে' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৪)।

**৬।  বাংলাদেশে অর্থনৈতিক অঞ্চলে মরক্কোর বিনিয়োগ চাইলেন অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বাংলাদেশে মরক্কোর বিনিয়োগ আহ্বান করেছেন। মরক্কোর অর্থমন্ত্রী মোহাম্মদ বেঞ্চাবোনের সঙ্গে এক বৈঠকে তিনি বলেন, সরকারি ও বেসরকারিখাতে বিনিয়োগকে টেকসই করার জন্য সরকার অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলেছে। তিনি এ সকল বিশেষ অর্থনৈতিক অঞ্চলসমূহে অংশীদারিত্বের পদ্ধতিতে তৈরি পোশাকশিল্প, ফার্মাসিউটিক্যালস, ইলেক্ট্রনিক্স, চামড়াজাত পণ্য উৎপাদনে বিনিয়োগের জন্য মরক্কোর প্রতি অনুরোধ জানান। এ সকল পণ্য মরক্কোর বাজারে শুল্কমুক্তভাবে প্রবেশাধিকারের বিষয়েও অনুরোধ করেন তিনি। গত ৫-৬ এপ্রিল মরক্কোর মারাক্কাসে অনুষ্ঠিত ইসলামী উন্নয়ন ব্যাংকের (আইএসডিবি) ৪৪তম বার্ষিক সভায় যোগদান করেন অর্থমন্ত্রী মুস্তফা কামাল। বৈঠকে দু'দেশের অর্থমন্ত্রী পারস্পরিক অর্থনৈতিক ও বাণিজ্যিক সহযোগিতার বিষয়ে আলোচনা করেন। **সূত্র : ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.১৩,ক.১)।

**৭।  সড়ক দুর্ঘটনারোধে শর্ট, মিড ও লংটার্ম নীতিমালা গ্রহণ করতে হবে : এলজিআরডিমন্ত্রী**

সড়ক দুর্ঘটনারোধে শর্টটার্ম, মিডটার্ম এবং লংটার্ম নীতিমালা গ্রহণ করতে হবে। গাড়ি এবং চালকের ফিটনেস অবশ্যই চেক করতে হবে। চালকদের অবশ্যই প্রশিক্ষিত হতে হবে। সড়ক দুর্ঘটনা অনেক কারণে হয়। কারণগুলো খুঁজে বের করে সমাধান করতে পারলেই আমরা আমাদের লক্ষ্যে পৌঁছতে পারব বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী (এলজিআরডি) মো. তাজুল ইসলাম। গতকাল (৬ এপ্রিল শনিবার) রাজধানীর মহানগর নাট্যমঞ্চে নিরাপদ সড়ক চাই (নিচসা) এর অষ্টম মহাসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

**৮।  জ্ঞানের যোগাযোগ স্থাপন করতে চাই : শাবিতে উপাচার্য সম্মেলনে শিক্ষামন্ত্রী**

বাংলাদেশ ও ভারতের ২৩টি বিশ্ববিদ্যালয়ের আচার্য ও উপাচার্যদের অংশগ্রহণে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) প্রথমবারের মতো অনুষ্ঠিত হলো আন্তর্জাতিক উপাচার্য সম্মেলন। গতকাল (৬ এপ্রিল শনিবার) কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত এ সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, আমরা উন্নয়নের জন্য যে কানেকটিভিটির কথা বলছি তা শুধু জল, স্থল ও আকাশপথের মধ্যে সীমাবদ্ধ নয়, বরং আমরা আরও এগিয়ে গিয়ে জ্ঞানের কানেকটিভিটি বা যোগাযোগ স্থাপন করতে চাই। এ ক্ষেত্রে ভাইস চ্যান্সেলরদের আজকের সম্মেলন সময়োপযোগী এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সময় শিক্ষামন্ত্রী উপাচার্যদের উদ্দেশে বলেন, বিশ্ববিদ্যালয়গুলো থেকে শুধু ডিগ্রিধারী বের হলে হবে না। তারা বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে যাতে আদর্শ মানুষ হতে পারেন, সে পরিবেশ বজায় রাখার জন্য সবাইকে সচেষ্ট থাকতে হবে। শিক্ষার অনুকূল পরিবেশ যাতে বিশ্ববিদ্যালয়গুলোতে বজায় থাকে, সেদিকে নজর দিতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১),**বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

**৯।  ব্যবসাবান্ধব পরিবেশ তৈরিতে কাজ করছে সরকার : জাতীয় শিল্পমেলার সমাপনীতে শিল্পমন্ত্রী**

শিল্পখাতের বিকাশে সরকারের সহায়তা অব্যাহত থাকবে বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেছেন, সরকার নিজে ব্যবসা করবে না। তবে ব্যবসা ও উৎপাদনবান্ধব পরিবেশ তৈরিতে সহায়তা করবে। শিল্পমন্ত্রণালয় টেকসই শিল্পখাতের বিকাশে চালকের ভূমিকা পালন করছে। উদ্যোক্তারা যেখানেই সমস্যায় পড়ছেন, সেখানেই শিল্পমন্ত্রণালয় সহায়তার হাত বাড়িয়ে দিচ্ছে। গতকাল (৬ এপ্রিল শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠিত প্রথম জাতীয় শিল্পমেলা-২০১৯-এর সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৬),

**১০।  বিশ্ববাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশের অগ্রাধিকার সুবিধা বাস্তবায়ন করুন : জেনেভায় বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এসডিজি'র সব লক্ষ্য সফলভাবে অর্জনের জন্য বিশ্ববাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশের অর্থবহ সুবিধার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, বিশ্ববাণিজ্যে বাংলাদেশ সফলভাবে এগিয়ে যাচ্ছে। ২০২৪ সালে এলডিসি থেকে বেরিয়ে উন্নয়নশীল দেশে পরিণত হওয়ার পাশাপাশি এসডিজি'র লক্ষ্যসমূহ সফলভাবে বাস্তবায়নে বিশ্ববাণিজ্যের ক্ষেত্রে অর্থবহ-সুবিধা বাংলাদেশের প্রয়োজন। এসডিজি'র লক্ষ্য বাস্তবায়নে বিশ্ববাণিজ্য সুবিধা খুবই সহায়ক হবে। গত ৫ এপ্রিল শুক্রবার বাণিজ্যমন্ত্রী সুইজারল্যান্ডের জেনেভায় বাংলাদেশের ট্রেড পলিসি রিভিউ কমিটির শেষ সভায় বক্তৃতাকালে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.২)।

**১১ । ঢাকায় অনুমোদনহীন ঝুঁকিপূর্ণ কোনো উর্ধ্বমুখী ভবন রাখা হবে না**

**পুরান ঢাকার জন্য রি-ডেভেলপমেন্ট পরিকল্পনা নেওয়া হয়েছে : গণপূর্তমন্ত্রী**

রাজধানীতে অনুমোদনহীন ঝুঁকিপূর্ণ কোনো উর্ধ্বমুখী ভবন রাখা হবে না। যত চাপই আসুক কোনোভাবেই বিল্ডিং কোডের বাইরে ভবন হতে দেব না বলে ঘোষণা দিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। ভবন নির্মাণে অনুমোদিত নকশার বাইরে মালিকের নিজস্ব প্ল্যান বাস্তবায়ন করে ভবননির্মাণ কোনক্রমেই সহ্য করা হবে না। তিনি আরও বলেন, পুরান ঢাকার জন্য আমরা রি-ডেভেলপমেন্ট পরিকল্পনা গ্রহণ করেছি। এছাড়া শুধু ভবন মালিক নন অবৈধ ভবন নির্মাণের সঙ্গে জড়িত কোনো রাজউকের ইন্সপেক্টর থেকে শুরু করে রাজউক বোর্ডের সদস্য জড়িত থাকলে তাকেও কোনো ছাড় দেওয়া হবে না বলে কঠোর হুঁশিয়ারি দিয়েছেন তিনি। গতকাল (৬ এপ্রিল শনিবার) ঢাকা ইউটিলিটি রিপোর্টার্স এ্যাসোসিয়েশন (ডুরা) 'ইমারত নির্মাণে সরকারের দায়িত্ব ও নাগরিকদের করণীয়' শীর্ষক মিট দ্য প্রেস এ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩)।

**১২। দুই বছরে ৫৪৭ শিক্ষাপ্রতিষ্ঠানে ওয়াইফাই জোন : তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, আগামী দুই বছরের মধ্যে ৫৪৭টি শিক্ষাপ্রতিষ্ঠানে ওয়াইফাই জোন করে দেওয়া হবে, যাতে শিক্ষার্থীরা ইন্টারনেট ব্যবহার করে প্রযুক্তিগত জ্ঞান আহরণে উদ্বুদ্ধ হয়। গতকাল (৬ এপ্রিল শনিবার) ঢাকা মিরপুর সেনানিবাসে বাংলাদেশ ইউনিভার্সিটি অভ্ প্রফেসনালস'র এক উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.২)।

**১৩। কলকাতা থেকে আসা জাহাজ আর ভি বেঙ্গল গঙ্গার**

**পর্যটকদের অভ্যর্থনা নৌপরিবহণ প্রতিমন্ত্রীর**

কলকাতা থেকে আসা জাহাজ আর ভি বেঙ্গল গঙ্গার পর্যটকদের ফুল দিয়ে অভ্যর্থনা জানিয়েছেন নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী ও বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার রিভা গাঙ্গুলী। গতকাল (৬ এপ্রিল শনিবার) আমেরিকা, ইংল্যান্ড, ইতালি ও অস্ট্রেলিয়ার ছয়জন পর্যটকসহ ১৯ জন যাত্রী ও ৩০ জন ক্রু নিয়ে জাহাজটি বুড়িগঙ্গা নদীতে ভাসমান রেস্টুরেন্ট মেরি আন্ডারসনে এসে পৌঁছায়। এ সময় ভারতের হাইকমিশনার রিভা গাঙ্গুলী বলেন, দুই দেশের মধ্যে নৌপথে ক্রুজ সার্ভিস চালু হওয়ার পর সম্পর্ক আরও গভীর হচ্ছে। নৌপথে যাত্রা একটি মাইলফলক হয়ে থাকবে। নৌপরিবহণ প্রতিমন্ত্রী বলেন, আমাদের দু'দেশের সম্পর্ক দীর্ঘদিনের। ঢাকা থেকে কলকাতা এবং কলকাতা থেকে ঢাকা দু'টি জাহাজই কোনো ধরনের প্রতিবন্ধকতা ছাড়াই চলাচল করেছে। আমরা এতে সন্তুষ্ট। আগামীতে আরও অত্যাধুনিক ক্রুজ যাতে এতে সম্পৃক্ত হয় সেটা নিয়ে পরিকল্পনা করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২)।

**১৪। পরিবেশ রক্ষায় পরিবেশ পুলিশের প্রয়োজন আছে : টাঙ্গাইলে আইজিপি**

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারি বলেছেন, পরিবেশ অধিদপ্তর সরকারের আলাদা একটি সংস্থা। পরিবেশ বিঘ্নিত হলে পরিবেশ অধিদপ্তর সেখানে আইন প্রয়োগ করে থাকে। পরিবেশ রক্ষা করতে হলে পরিবেশ পুলিশের প্রয়োজন আছে। গতকাল (৬ এপ্রিল শনিবার) টাঙ্গাইলে পুলিশ অফিসার্স মেস উদ্বোধনকালে তিনি একথা বলেন। **সূত্র : ইত্তেফাক** (পৃ.৬,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.৪)।

**১৫। কৌতুক অভিনেতা টেলি সামাদের ইন্তেকাল : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

কৌতুক অভিনেতা টেলি সামাদ গতকাল (৬ এপ্রিল শনিবার) রাজধানীর স্কয়ার হাসপাতালে ইন্তেকাল করেন। তিনি হৃদরোগসহ বার্ধক্যজনিত নানা জটিলতায় দীর্ঘদিন ধরে ভুগছিলেন। তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর। রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা অভিনেতা টেলি সামাদের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। গতকাল এক শোকবার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলচ্চিত্রে ও নাটকে অভিনেতা টেলি সামাদের অসামান্য অবদানের কথা স্মরণ করেন। তিনি মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**১৬। পবিত্র শবে বরাত আগামী ২১ এপ্রিল**

বাংলাদেশের আকাশে গতকাল (৬ এপ্রিল শনিবার) হিজরি শাবান মাসের চাঁদ দেখা যায়নি। ফলে আগামীকাল (৮ এপ্রিল সোমবার) থেকে শাবান মাস গণনা শুরু হবে। সে হিসেবে আগামী ২১ এপ্রিল দিবাগত রাতে সারাদেশে পবিত্র লাইলাতুল বরাত পালিত হবে। ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় এ তথ্য জানান ধর্ম বিষয়ক প্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আব্দুল্লাহ। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৮), **বাংলাশে টুডে** (পৃ.১,ক.৮)।

**১৭। বিশ্ব স্বাস্থ্য দিবস আজ**

আজ ৭ এপ্রিল বিশ্ব স্বাস্থ্য দিবস। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদফতর এবং স্বাস্থ্য বিষয়ে কাজ করে এমন বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। এবারের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'সমতা ও সংহতি নির্ভর সার্বজনীন প্রাথমিক স্বাস্থ্যসেবা'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল, যুগান্তর, বণিক বার্তা, সংবাদ, যায়যায়দিন :** জলবায়ু পরিবর্তনের অভিঘাতে বাংলাদেশের প্রায় দুই কোটি শিশুর জীবন ও ভবিষ্যৎ ঝুঁকিতে, জাতিসংঘ শিশু তহবিল ইউনিসেফ প্রকাশিত এ প্রতিবেদনে উদ্বেগ প্রকাশ করে বিষয়টি আমলে নিয়ে জলবায়ু পরিবর্তনের অভিঘাত থেকে শিশুদের সুরক্ষায় নীতিগত ও কারিগরি ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

খ. **ইত্তেফাক :** ফেনীর সোনাগাজীতে এক মাদ্রাসা শিক্ষার্থীকে আগুনে পুড়িয়ে হত্যাচেষ্টার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের নৃশংস ঘটনার জন্য দায়ীদের চিহ্নিত করে কঠোর শাস্তির দাবি।

গ. **ভোরের কাগজ :** সাইবার অপরাধ বিশেষ করে সামাজিক যোগাযোগমাধ্যমে ফেসবুক ব্যবহার করে অপরাধ বেড়েই চলছে উল্লেখ করে দেশের নিরাপত্তায় সাইবার অপরাধী শনাক্ত এবং সাইবার অপরাধ দমনে প্রযুক্তিগতভাবে দক্ষ আইনশৃঙ্খলাবাহিনী গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** অর্পিত সম্পত্তি অবমুক্তির লাখো মামলা বছরের পর বছর ঝুলে আছে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** দেশে সড়ক দুর্ঘটনা মারাত্মক আকার ধারণ করেছে উল্লেখ করে পরিকল্পিত ও সফল উদ্যোগই কেবল এসব মর্মান্তিক মৃত্যুরোধ করতে পারে বলে মন্তব্য।

চ. **নিউ এজ :** আর্সেনিকের ঝুঁকি মোকাবিলায় যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আসন্ন রমজানে নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখতে বাজার ব্যবস্থাপনার উন্নয়নসহ বাজারের ওপর সরকারের নজরদারি বৃদ্ধি করা এবং অসাধু ব্যবসায়ীদের মূলোৎপাটন করা প্রয়োজন।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশুদের উপর চাপ কমাতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, অভিভাবকরা যেনো শিশুদের প্রতি প্রতিযোগিতার মানসিকতা দূর করে নিজস্ব মেধা বিকাশের প্রতি গুরুত্ব দেয় সে ব্যাপারে পদক্ষেপ নিতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা